ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক সংবাদপত্র



# রোজদিন



বাংলার মানুষের সাথে, মানুষের পাশে

ROSEDIN ● Vol. - 1 ● Issue - 116 ● Prgi No. : WBBEN/25/A1189 ● Govt. of India Reg No. : WB18D0018520 (UAN) ● ISBN No. : 978-93-5918-830-0 ● Website : www.rosedin.in

ই-পেপার ● বর্ষ ঃ ৫ ● সংখ্যা ঃ ২৭২ ● কলকাতা ● ২৪ আশ্বিন, ১৪৩২ ● শনিবার ● ১১ অক্টোবর ২০২৫ ● পৃষ্ঠা - ৮ ● মূল্য - ৫ টাকা

পর্ব 79

## হিমালয়ের সমর্পণ যোগ



গুরুদেবও ছোটবেলা থেকে ওখানে তাঁর গুরুজীর সঙ্গে ছিলেন। আমি বেশী কিছু জিজ্ঞাসা করতাম না। তিনিই কখনও কোন ঘটনা হলে তবে বলতেন। তাঁর কথা থেকেই জানতে পারলাম যে গুরুদেব অনেক বছর থেকে ওখানে বাস করছিলেন। কিন্তু মধ্যে মধ্যে তিনি হিমালয়েও কয়েকবার গিয়েছিলেন। তিনি মাঝে মাঝে হিমালয়ের ঘটনাও বলতেন। জানি না কেন, তাঁকে কিছু জিজ্ঞাসা করার ইচ্ছা হত না। কারণ তাঁর সান্নিধ্যে মনে কোন প্রশ্নই আসত না, তো কিছু জিজ্ঞাসা করার প্রশ্নই আসে না।

তাঁর সাথে সময়ের জ্ঞানই থাকত না।

ক্রমশঃ

# ভোট এলেই ওরা এরকম করে', ইডি হানা দিতেই বললেন মন্ত্রী সুজিত বসু



স্টাফ রিপোর্টার, রোজদিন

সল্টলেকের অফিস, সাউথ দমদমের গোলাঘাটার বেঙ্গল ধাবা, কোনও কিছুই বাদ নেই। বৃহস্পতিবার সকাল থেকেই রাজ্যের মন্ত্রী সুজিত বসুকে স্ক্যানারে রেখেছে কেন্দ্রীয় তদন্তকারী সংস্থা এনফোর্সমেন্ট ডিরেক্টরেট। পাশাপাশি নাগেরবাজার এলাকায় এক কাউন্সিলরের বাড়িতেও তল্লাশি চলছে।কুণাল ঘোষ বলেছেন, "সিবিআই, ইডি বা এনআইএ-তে অনেক দক্ষ অফিসার আছেন। কিন্তু এদের অর্গানাইজেশনের ক্রেডিবিলিটি এখন প্রশ্নের মুখে পড়ে গেছে। অবস্থা এমন হয়েছে, এরা মুভ করতে শুরু করলেই লোকে বুঝতে পারে, তার পিছনে বিজেপির কোনও উদ্দেশ্য রয়েছে। দীর্ঘদিন ধরে বহু তদন্ত পড়ে আছে। এদিকে বিজেপি কোনও হুঙ্কার দিলেই জেগে

এরপর 3 পাতায়



# কমিশনের বিরুদ্ধে বিস্ফোরক অভিযোগ মমতার



স্টাফ রিপোর্টার, রোজদিন

এসআইআরের নাম করে ফেস্টিভ্যালের সময়টাকে কেন বেছে নেওয়া হয়েছে?" নবান্ন থেকে গর্জে উঠলেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। এরইমধ্যে SIR-এর কাজ খতিয়ে দেখতে ডেপুটি নির্বাচন কমিশনার জ্ঞানেশ ভারতীর নেতৃত্বে বাংলায় এসেছিল নির্বাচন কমিশনের বিশেষ টিম। দক্ষিণবঙ্গের সব জেলাশাসক, অতিরিক্ত জেলাশাসক ও অনান্য প্রশাসনিক আধিকারিকদের সঙ্গে ভার্চুয়াল বৈঠকও হয়।এখানে যিনি রাজ্য থেকে গিয়েছেন, তাঁর বিরুদ্ধে অনেক অভিযোগ আছে। সেগুলি সময় হলে বলব। আশা করি তিনি বেড়ে খেলবেন না। তিনি বড্ড বেশি অফিসারদের থ্রেট করছেন। এদিকে তিনি নিজেই দুর্নীতির অভিযোগে বিদ্ধ।"তারপর থেকেই ১৫ অক্টোবরের পর বাংলায় SIR হতে পারে বলে জোর জল্পনা শোনা যাচ্ছে। সেই জল্পনা শুরুর ২৪ ঘণ্টা কাটতে না কাটতেই এবার কার্যত ফুঁসে উঠলেন মমতা। মমতার সাফ কথা, "একদিকে গোটা বাংলায় দুর্যোগ চলছে। মানুষের দুর্ভোগ চলছে।

সামনে আবার কালীপুজো, ছটপুজো, জগদ্ধাত্রী পুজো রয়েছে। এবং চারদিকে ডুবে আছে। সেখানে ফিল্ড সার্ভের নাম করে তিনটে অফিসে বসে চারজন অফিসার বিএলও-দের ডেকে থ্রেট করছেন, বলছেন তাঁদের ইচ্ছামতো কাগজ তৈরি করতে হবে।" এরপরই বিহার প্রসঙ্গ টেনে তুলোধনা করেন বিজেপির। তীব্র কটাক্ষের সুরে বলেন, "বিহারে করতে পেরেছিলেন কারণ ওখানে বিজেপি সরকার আছে।

কিন্তু বাংলা সামথিং ডিফারেন্ট। বাংলায় অনেক সম্প্রদায়ের মানুষ আছে। হিন্দু, মুসলিম, শিখ, তফসিলি জাতি, উপজাতি আছে।"সোজা কথায় কেন এত তাড়া, কেন উৎসবের সময়েই এসআইআরের উদ্যোগ, তা নিয়ে এদিন বারবার ক্ষোভ প্রকাশ করতে দেখা যায় মমতাকে। বিজেপিকে কটাক্ষ তো রয়েইছে সঙ্গে নির্বাচন কমিশনের তুলোধনে করে বলেন, "যখন মানুষ ফেস্টিভ্যাল মুডে রয়েছে, চারপাশে যখন দুর্যোগ-দুর্ভোগ সেখানে ২ মাসের মধ্যে সম্পূর্ণ ভোটার লিস্ট কী করে?

প্রত্যেকটা মানুষ গিয়ে কী করে তার ডিটেলস দেবে? তারা তো নেই। অনেকে তো বেড়াতে চলে গিয়েছে, অনেকে তো জলে ডুবে গিয়েছে, কাগজপত্র নষ্ট হয়েছে, অনেকে তো পুজো-পার্বনে ব্যস্ত আছে! বিহারে তো ছট পুজোটাই বড় পুজো, কিন্তু আমাদের এখানে সব পুজোই উৎসব। বাংলার উৎসব একটু আলাদা।"

শুধু এখানেই শেষ নয়। নির্বাচন কমিশনের কর্তাদেরও আলাদা করে নিশানা করেন। তোপের পর তোপ দাগতে থাকেন। বলেন, "একটা কথা আছে না বাঁশের চেয়ে কঞ্চি বড়।

# মামার হাতে খুন ভাগ্নে, চাঞ্চল্য এলাকা জুড়ে

পার্থ ঝা, মালদা

মামার হাসুয়ার কোপে মৃত্যু ভাগ্নের। চাঞ্চল্য মানিকচকের মথুরাপুর সুভাষ কলোনী এলাকায় জমি বিবাদকে কেন্দ্র করে মামার হাতে খুন ভাগ্নে। মৃত যুবকের নাম হিরেন কুণ্ডু(২৪)। ঘটনা সম্পর্কে জানা গেছে শুক্রবার সকাল ১০ টা নাগাদ রাজা মন্ডলের বাড়ির সামনে ইট ফেলাকে কেন্দ্র করে তার সৎ দাদা জীবন মন্ডলের সাথে বচসা বাধে। বচসা একসময় পৌঁছায় হাতাহাতিতে সেই সময় জীবন মন্ডলকে ভাসুয়া দিয়ে মারতে উদ্ধত হয় রাজা। সেই সময় জীবন মণ্ডলকে বাঁচাতে তার ভাগ্নে হিরেন কুণ্ডু গেলে হাসুয়ার কোপ বসে তার মাথায়। গুরুতর আহত অবস্থায় তাকে উদ্ধার করে প্রথমে মানিকচক ও পরে মালদহ হাসপাতালে নিয়ে যাওয়ার সময় মৃত্যু হয় তার। অন্যদিকে এই ঘটনায় অভিযুক্ত রাজা মন্ডলকে মানিকচক হাসপাতাল থেকে আটক করে মানিকচক থানার পুলিশ।এবিষয়ে সোনিয়া মন্ডল জানান,সকালে ইট রাখাকে কেন্দ্র করে জীবন মন্ডল এবং রাজার সাথে বচসা হয়।তখুনি রাজা জীবনকে হাসুয়া দিয়ে জীবনকে মারতে আসে তা দেখে তার ভাগ্না বাঁচাতে এলে তাকে মাথায় হাসুয়ার কোপ মারে।

# মুখ্যমন্ত্রীর বাড়ির সামনে আটক ব্যক্তি, জিজ্ঞাসাবাদের পর ছেড়ে দিল পুলিশ

স্টাফ রিপোর্টার, রোজদিন



এয়ারগান নিয়ে মুখ্যমন্ত্রীর বাড়ির সামনে আটক এক ব্যক্তি। জানা যাচ্ছে, শুক্রবার দুপুরে কালীঘাটে মমতা বন্দ্যোপাধ্যায়ের বাড়ির গলির সামনে দিয়ে যাচ্ছিলেন তিনি। তাঁর গতিবিধি সন্দেহজনক হওয়ায় নিরাপত্তারক্ষীরা আটক করেন। ব্যাগ তল্লাশি করা হয়। সেখান থেকে উদ্ধার হয়েছে একটি এয়ারগান ও কিছু গুলি। জানা গিয়েছে, দেবাঞ্জনের বয়স একান্নর কাছাকাছি। শ্রীরামপুর রাইফেল ক্লাবের সদস্য হওয়ায় তিনি সঙ্গে এয়ারগানটি সঙ্গেই রাখেন। এদিন কালীঘাটে মুখ্যমন্ত্রীর বাড়িতে গলি দিয়ে যাচ্ছিলেন দেবাঞ্জন। ওই এলাকা 'হাইসিকিউরিটি জোন'। সর্বদাই প্রহরা থাকে। দেবাঞ্জনের গতিবিধি সন্দেহজনক মনে হওয়ায় তাঁকে আটকান নিরাপত্তারক্ষীরা। জিজ্ঞাসাবাদ করা হয়। ব্যাগ থেকে উদ্ধার হওয়া পরিচয়পত্র এবং অন্যান্য নথিপত্র দেখে জানা যায়, তিনি শহরের নামী বেসরকারি ইংরাজি মাধ্যম স্কুলের শিক্ষক

এরপর ৪ পাতায়







(১ম পাতার পর)

# ভোট এলেই ওরা এরকম করে', ইডি হানা দিতেই বললেন মন্ত্রী সুজিত বসু

ওঠে। এরা যেন তৃণমূলের হেনস্থা করতেই বিজেপির ইয়েস ম্যান হিসেবে কাজ করে। বিজেপি এদের বিশ্বাসযোগ্যতাই নষ্ট করে দিয়েছে। যে কাউকে জিজ্ঞেস করুন, বলবে, ভোট আসছে বলেই এরা সক্রিয় হয়েছে। স্বশাসিত সংস্থাগুলোর এভাবেই সর্বনাশ করে দিয়েছে বিজেপি। এই নিয়ে দলগতভাবে কোনও প্রতিক্রিয়া দেখানো হবে কিনা, সেটা দলের নেতৃত্ব ঠিক করবেন।"ঠনঠনিয়ার একটি বাড়িতেও গিয়েছেন কেন্দ্রীয় তদন্তকারী সংস্থার আধিকারিকেরা। তল্লাশি চলছে শরৎ বোস রোড, নিউ আলিপুরের একাধিক ঠিকানাতেও। যদিও ইডির এই অভিযানকে খুব একটা গুরুত্ব দিচ্ছেন না সুজিত (Kolkata ED Raid)।

সংবাদমাধ্যমকে দেওয়া সাক্ষাৎকারে মন্ত্রী বলেন, "ভোটের আগে আগেই এরকম অভিযান হয়। বেশি হয় যারা দলে অ্যাক্টিভলি কাজ করেন তাঁদের বাড়ি-অফিসে। দক্ষিণ দমদম পৌরসভায় নিয়োগ দুর্নীতি নিয়ে নিয়ে আগেও তল্লাশি হয়েছে। বাড়িতে এসেছে। কিছু তো পায়নি। আবার আসছে। আমার মনে হয়, এই জায়গাটা বিশেষ করে টার্গেট করছে। কারণ এখানে ওদের লোকজন কিছু নেই। ওরা ওদের মতো কাজ করুক।"

সকাল ৬টা নাগাদ নানা জায়গায় পৌঁছে গিয়েছেন ইডি আধিকারিকরা। ঘণ্টার পর ঘণ্টা পেরিয়ে গেলেও চলছে জিজ্ঞাসাবাদ।

চলছে লেকটাউনে নিতাই দত্তর বাড়িতেও গিয়েছেন ইডি আধিকারিকরা। প্রসঙ্গত, সুজিত বসু দক্ষিণ দমদম পুরসভার ভাইস চেয়ারম্যান থাকাকালীন এই নিতাই দত্ত তাঁর আপ্ত সহায়ক ছিলেন। নাগেরবাজারে এক চাটার্ড অ্যাকাউন্ট্যান্ট দীপক দে এবং কাঁকুড়গাছিতে এক অডিটর সঞ্জয় পোদ্দারের বাড়িতেও চলছে জিজ্ঞাসাবাদ। পুর নিয়োগ দুর্নীতিতে যে সব কোম্পানির নাম উঠে এসেছে, তাদের সঙ্গে জড়িয়ে রয়েছে এই সব ব্যক্তির নামও। সেই সূত্রেই তাঁরাও এখন ইডির আতশ কাচের তলায়।

বস্তুত, বৃহস্পতিবার হুঁশিয়ারির সুরে মমতা বন্দ্যোপাধ্যায় বলেছিলেন, "যদি মনে করেন, এজেন্সিকে দিয়ে আমাদের বিরুদ্ধে অ্যাকশন নেবেন, উই আর রেডি টু রিঅ্যাকশন।" মুখ্যমন্ত্রীর সেই হুঁশিয়ারির ২৪ ঘণ্টা কাটতে না কাটতেই শুক্রবার সকাল থেকে কলকাতার ১০টি জায়গায় ইডির অভিযান শুরু হয়ে গিয়েছে। যা নিয়ে প্রশ্ন তুলেছে তৃণমূল ।

# পশ্চিমবঙ্গে গ্রামীণ স্বাস্থ্য পরিকাঠামো মজবুত করতে ১৫১ কোটি টাকারও বেশি অনুদান কেন্দ্রীয় সরকারের

**স্টাফ রিপোর্টার, রোজদিন**



ভারত সরকার আজ পঞ্চদশ অর্থ কমিশনের (XV FC) আওতায় স্বাস্থ্য খাতের অনুদান হিসেবে পশ্চিমবঙ্গ সরকারকে মোট ₹১৫১০৪.০১ লক্ষ (অর্থাৎ ₹১৫১ কোটিরও বেশি) বরাদ্দ করেছে। এই অর্থ বরাদ্দ করা হয়েছে "গ্রামীণ সাব-সেন্টারের প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রগুলির ডায়াগনস্টিক পরিকাঠামো উন্নয়নে সহায়তা" শিরোনামের অধীনে, অর্থবছর ২০২৪–২৫-এর জন্য। এই অনুদান স্থানীয় স্বশাসন সংস্থাগুলির (LSDGs) 'সুস্থ পঞ্চায়েত' দৃষ্টিভঙ্গিকে সমর্থন করে - যেখানে স্থানীয় শাসনের মাধ্যমে সবার জন্য স্বাস্থ্য ও সুস্থতার উন্নয়নই মূল লক্ষ্য। পাশাপাশি, এটি 'বিকশিত ভারত @২০৪৭'- এর লক্ষ্যকে আরও শক্তিশালী করে, যেখানে সুস্থ পঞ্চায়েতের মাধ্যমে দীর্ঘস্থায়ী ও সহনশীল গ্রামীণ সম্প্রদায় গড়ে তোলার ওপর জোর দেওয়া হয়েছে।

পঞ্চদশ অর্থ কমিশনের সুপারিশ অনুযায়ী, এই স্বাস্থ্য খাতের অনুদান ব্যবহৃত হবে প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রগুলিকে প্রয়োজনীয় ডায়াগনস্টিক পরিষেবার জন্য

এরপর ৫ পাতায়

# বন্যা বিধ্বস্ত এলাকা পরিদর্শনে সিপিএম নেত্রী মীনাক্ষী মুখোপাধ্যায়



**হরেকৃষ্ণ মন্ডল,ফালাকাটা**

আলিপুরদুয়ার ১নং ব্লকের শালকুমারহাট এলাকার কয়েক হাজার মানুষ বন্যার আতঙ্ক এখনও ভুলতে পারছেন না। গত রবিবার শিসামারা নদীর বাঁধ ভেঙে জল ঢুকে পড়ে নেপালিবস্তি,নতুনপাড়া,মুন্সিপাড়া ,প্রধানপাড়া এলাকায়। বহু মানুষের ঘরবাড়ির ক্ষতি হয়। চাষের জমিতে চলে আসে ডলোমাইট মিশ্রিত পলি। রাস্তাঘাট ভেঙেছে। যোগাযোগ ব্যবস্থাও খারাপ। এদিকে ত্রাণ নিয়েও নানারকমের সমস্যা চলছে। এই পরিস্থিতিতে রোজ এইসব এলাকায় বিভিন্ন রাজনৈতিক দলের নেতানেত্রীরা আসছেন। অরাজনৈতিক সংগঠনও আসছে। ত্রাণ দেওয়া হচ্ছে। এই পরিস্থিতিতে শুক্রবার সকালে এখানকার বন্যা বিধ্বস্ত এলাকা পরিদর্শনে আসেন সিপিএম নেত্রী মীনাক্ষী মুখোপাধ্যায়। তিনি শিসামারা বাঁধ পায়ে হেঁটে ঘুরে দেখেন। এলাকার মানুষের কাছেও যান। সবার সঙ্গে কথা বলেন। ত্রাণ নিয়ে অনেকেই মীনাক্ষীকে অভিযোগ করেন। যেখানে বাঁধটি ভেঙেছে সেখানেও মীনাক্ষী যান। সঙ্গে ছিলেন সিপিএম নেতা অরবিন্দ রায়,বাপন গোপ সহ আরও অনেকেই। তবে ভেঙে যাওয়া বাঁধ দ্রুত নির্মাণের দাবি তোলেন মীনাক্ষী। এলাকায় পানীয় জলের ব্যবস্থাও দ্রুত স্বাভাবিকের দাবি তোলেন। পর্যাপ্ত ত্রাণ দেওয়ারও দাবি ওঠে। এছাড়া ক্ষতিগ্রস্থ ঘরবাড়ি,জমিতে জমা পলি দ্রুত সংস্কারের দাবিও মীনাক্ষী তোলেন।

## সম্পাদকীয়

### টোটোতেও নম্বর প্লেট, ৩০ নভেম্বরের মধ্যে রেজিস্ট্রেশন না করলে রাস্তায় 'নো এন্ট্রি'

এবার টোটোতেও থাকবে নম্বর প্লেট। অনিয়ন্ত্রিত টোটোর দৌরাত্ম্য ঠেকাতেই রাজ্য সরকারের বড়সড় সিদ্ধান্তের কথা জানালেন পরিবহন মন্ত্রী স্নেহাশিস চক্রবর্তী। আপাতত অস্থায়ী এনরোলমেন্ট নম্বরের মাধ্যমে নম্বর প্লেট দেওয়া হবে বলে জানা যাচ্ছে। নম্বর প্লেটে থাকছে কিউআর কোড। রাজ্যে যত টোটো রয়েছে তাদের সব ক'টাকেই এই অস্থায়ী এনরোলমেন্ট নম্বর দিয়ে রেজিস্ট্রেশনের আওতায় আনা হবে।

৬ মাস পর থেকে প্রতি মাসে ১০০ টাকা অর্থাৎ ১২ মাসে ১২০০ টাকা দিতে হবে। তাদের বিমার আওতাতেও আনা হবে বলে জানা যাচ্ছে। এখানেই শেষ নয়। সূত্রের খবর, সব টোটো নম্বর পেয়ে গেলে ভবিষ্যতে রাস্তায় অড নম্বর এবং ইভেন নম্বরের ভিত্তিতে অল্টারনেটিভ দিনে টোটোগুলিকে রাস্তায় নামানোর পরিকল্পনা রয়েছে পরিবহন দফতরের। ২০২৬ সালের জানুয়ারি মাসেই এই বিধি বলবৎ করার চিন্তাভাবনা। পুরো কাজ চলবে সংশ্লিষ্ট পুরসভা ও স্থানীয় থানার তত্ত্বাবধানে।সিদ্ধান্ত হয়েছে এমনটাই। তবে মোট কত লক্ষ টোটো চলে সেই পরিসংখ্যান এখনও সামনে আসেনি। জানা নেই পরিবহন দফতরের। এদিকে টোটো দৌরাত্ম্য নিয়ে প্রায়শই রাজ্যের নানা প্রান্ত থেকে উঠে এসেছে লাগাতার অভিযোগ।

বেলাগাম টোটো নিয়ে তীব্র আপত্তি অটো চালকদেরও। ক্ষুব্ধ বাস চালকেরও। এদিকে ইতিমধ্যেই গোটা রাজ্যই বহু মানুষের জীবন-জীবিকার অন্যতম গুরুত্বপূর্ণ মাধ্যম হিসাবে উঠে এসে এই টোটো। লক্ষ লক্ষ মানুষের জীবিকার অন্যতম মাধ্যম যেহেতু এই টোটো তাই বন্ধ করতে নিষেধ করেছেন মুখ্যমন্ত্রী।

তাই নতুন পদক্ষেপের পথে হাঁটতে চাইছে পরিবহন দফতর। এমনটাই জানাচ্ছেন পরিবহন মন্ত্রী। তবে একইসঙ্গে টোটোর অবাধ যাতায়াতের ফলে যে বেলাগাম যানজট তৈরি হচ্ছে, নাগরিকদের সীমাহীন সমস্যাও হচ্ছে তাও মানছেন মন্ত্রী। মন্ত্রী বলছেন, এবার টোটোকে শৃঙ্খলার মধ্যে আনার কাজ শুরু হল।

কিউ আর কোড দেওয়া স্টিকার লাগানো হবে টোটোর গায়ে। চিহ্নিতকরণের কাজ শেষ হওয়ার পর টোটোগুলি চলাচলের রাস্তা বেছে দেওয়া হবে। এর জন্য ডেডলাইনও ঠিক হয়ে গিয়েছে বলে জানা যাচ্ছে। একযোগে মাঠে নামবে পুলিশ, পরিবহন দফতর, ইউনিয়নগুলি।

১৩ অক্টোবর থেকে ১৩ নভেম্বরের মধ্যে চিহ্নিতকরণের প্রক্রিয়া শেষ হবে। প্রক্রিয়াটি অনলাইনের পাশাপাশি কিছু সরকারি সহায়তা কেন্দ্র থেকেও করা যাবে বলে জানা যাচ্ছে। রেজিস্ট্রেশন কমপ্লিট হওয়ার পর আর অন্য কোনও টোটোকে রাস্তায় নামার অনুমতি দেওয়া হবে না। ৩০ নভেম্বরের মধ্যে নাম রেজিস্ট্রেশন করানো বাধ্যতামূলক বলেও ঠিক হয়েছে।

যারা করবেন না তাদের টোটো রাস্তায় চলতে দেওয়া হবে না। একইসঙ্গে রাজ্যকে অন্ধকারে রেখে ভবিষ্যতে আর কোনও লোকাল ভেন্ডার বা ম্যানুফ্যাকচারিং কোম্পানি টোটো তৈরি বা বিক্রি করতে পারবে না। কত খরচ? রেজিস্ট্রেশনের জন্য দিতে হবে ১০০০ টাকা।

# পৃথিবীর সৃষ্টির মূলে শিব



মৃত্যুঞ্জয় সরদার
(প্রথম পর্ব)



ঈশ্বর নিয়ে এমন ভাবে প্রচলিত আছে জন্মের পর হইতে মানুষ ঈশ্বরই শব্দটাই শুনে আসছে। তাই ঈশ্বরের প্রতি বিশ্বাস এবং ভরসা আর তার অনুভূতি পেয়ে থাকে মানুষ প্রায় ৯০ শতাংশ। মানুষের বয়স বাড়ার সাথে সাথে ঈশ্বরের সঙ্গে সংস্পর্শ তৈরি হয়, অতি এবং অনিবার্য। তার থেকে জন্ম নেয় ভক্তি, সাধন ভজন আর উপলব্ধির একান্ত বিশ্বাস। এসব কিছু মানুষ মায়ের পেটে থেকে শিখে আসে না!জন্ম নেওয়ার পর থেকেই এই পৃথিবীর বুকে বড় হওয়ার সময় তার বিবেক,

**ক্রমশঃ**

**(লেখকের অভিমতের জন্য লেখক দায়বদ্ধ)**

(২ পাতার পর)


# মুখ্যমন্ত্রীর বাড়ির সামনে আটক ব্যক্তি, জিজ্ঞাসাবাদের পর ছেড়ে দিল পুলিশ

হিসেবে কর্মরত। এসব দেখে সন্দেহের নিরসন হয় নিরাপত্তারক্ষীরা। এরপর দেবাঞ্জনকে ছেড়ে দেওয়া হয়েছে বলে খবর।

তাঁকে আটক করে জিজ্ঞাসাবাদ করেন নিরাপত্তারক্ষীরা। খবর দেওয়া হয় কালীঘাট থানায়। পুলিশ ঘটনাস্থলে গিয়ে তদন্ত শুরু করেন।

পুলিশ সূত্রে জানা গিয়েছে, ধৃতের নাম দেবাঞ্জন চট্টোপাধ্যায়। তিনি সল্টলেকের সিএ ব্লকের বাসিন্দা। ব্যাগ তল্লাশি করে এয়ারগান ও গুলি পাওয়া গিয়েছে বলে দাবি। পাওয়া গিয়েছে পরিচয়পত্রও। তাতে উল্লেখ রয়েছে, দেবাঞ্জন কলকাতার এক নামী বেসরকারি স্কুলের শিক্ষক। তিনি শ্রীরামপুর রাইফেল ক্লাবের সদস্যও। জেরার মুখে পড়ে দেবাঞ্জন দাবি করেন, মুখ্যমন্ত্রীর সঙ্গে দেখা করতেই তিনি এসেছেন। জিজ্ঞাসাবাদের পর তাঁকে ছেড়ে দেওয়া হয়েছে বলে পুলিশ সূত্রে খবর। ধৃতের ব্যাগ থেকে উদ্ধার এয়ারগান ও গুলি।

## বাংলা হচ্ছে মাতৃ শক্তি উপাসনার সেরা ভূমি



**-: মৃত্যুঞ্জয় সরদার :-**

এবং পালসম্রাট নয়পালের সময়ে চর্চিকা প্রধান মাতৃকা, নয়পালের বাণগড় প্রশস্তি থেকে চর্চিকার স্তব আমি এই বছর আমার সহজ দুর্গাপুজোর সন্ধি পুজোয় ব্যবহার করেছি। এবং চর্চিকা যখন জনপ্রিয়, সেই সময়ে বজ্রযানের নৈরাত্মা-সহ অন্যান্য দেবতারা আসছেন।

**ক্রমশঃ**

• সতর্কীকরণ •

এই পত্রিকায় প্রকাশিত সমস্ত বিজ্ঞাপনের দায় বিজ্ঞাপনদাতার পাঠকদের যথাযথ অনুসন্ধানের পর আস্থা স্থাপনের অনুরোধ জানাই। বিজ্ঞাপনদাতার ওপর বিশ্বাস রেখে বিজ্ঞাপন ছাপানো হয়। এই ব্যাপারে পত্রিকা কোনো রকম দায়িত্ব নেবে না।

# কেন্দ্রীয় যোগাযোগ মন্ত্রী শ্রী জ্যোতিরাদিত্য সিন্ধিয়া ভারতের টেলিকম লক্ষ্য স্থির করতে কৌশলগত শিল্প গোল টেবিলে নেতৃত্ব দিয়েছেন

**নয়াদিল্লি, ৯ অক্টোবর, ২০২৫**

ভারতের ডিজিটাল ভবিষ্যৎ রূপায়ণে সরকারি-বেসরকারি অংশীদারিত্বের প্রদর্শনে আজ ইন্ডিয়া মোবাইল কংগ্রেসে (আইএমসি) দুটি গুরুত্বপূর্ণ আলোচনাচক্রে অগ্রণী ভূমিকা নিলেন কেন্দ্রীয় যোগাযোগ মন্ত্রী শ্রী জ্যোতিরাদিত্য সিন্ধিয়া।

দিন শুরু হয় 'চার্টিং ইন্ডিয়াজ টেলিকম ভিশন: আ লিডারশিপ ডায়ালগ' সংক্রান্ত উচ্চপর্যায়ের সিইও গোল টেবিল বৈঠক দিয়ে। এতে অংশ নেন টেলিকম শিল্পের সঙ্গে যুক্ত সামনের সারির ৩৭ জন ব্যক্তি। এর পরে 'নেশন বিল্ডার্স: হাউ ইউনিকর্নস অ্যান্ড গভর্নমেন্ট আর কো-ক্রিয়েটিং দ্য ফিউচার' শীর্ষক এক প্রাণবন্ত আলোচনায় অংশ নিয়ে কেন্দ্রীয় মন্ত্রী শ্রী সিন্ধিয়া সরাসরি কথা বলেন, ভারতের সবচেয়ে উদ্ভাবনী স্টার্টআপ এবং ইউনিকর্ন প্রতিষ্ঠাতাদের সঙ্গে। ডিজিটাল অন্তর্ভুক্তিমূলক, প্রযুক্তিগত সার্বভৌমত্ব এবং আন্তর্জাতিক ক্ষেত্রে প্রতিদ্বন্দ্বিতা করার মতো পরিমণ্ডল গড়ে তোলার ক্ষেত্রে সহযোগী মনোভাব নিয়ে



সরকারের দায়বদ্ধতা পুনরায় প্রকাশিত হল এই আলোচনাচক্রে।

সিইও গোল টেবিল বৈঠকে কেন্দ্রীয় মন্ত্রী শ্রী সিন্ধিয়া ভারতের ডিজিটাল অর্থনীতির মেরুদণ্ড হিসেবে টেলিকম ক্ষেত্রের গুরুত্বপূর্ণ ভূমিকা তুলে ধরেন। সেইসঙ্গে ১৪০ কোটি নাগরিকের অন্তর্ভুক্তিকরণের যান হিসেবে বর্ণনা করেন। তিনি বলেন, ডিজিটাল ইন্ডিয়ার সাফল্যকে রূপ দিয়েছে মানুষের উদ্ভাবন এবং সরকারের দেওয়া সুবিধা। তিনি বলেন, একসঙ্গে তারা শুধুমাত্র মানুষে মানুষে যোগাযোগ ঘটাচ্ছে না, নতুন ভারত এবং নতুন বিশ্ব যুগের ডিজিটাল স্থাপত্য তৈরি করছে।

কেন্দ্রীয় মন্ত্রী ভারতের কৌশলটি বর্ণনা করেন- ডিজাইন ইন ইন্ডিয়া, সল্ভ ইন ইন্ডিয়া এবং স্কেল ফ্রম ইন্ডিয়া। তিনি এটাকে বলেন আন্তর্জাতিক বৃদ্ধির দর্শন। এটা সংরক্ষণবাদ নয়। তিনি শিল্প মহলকে আইপি নির্মাণ, সুস্থায়ী পণ্য উদ্ভাবন এবং সহনশীল সমাধান নিয়ে আরও লগ্নি করার আহ্বান জানান।

কেন্দ্রীয় মন্ত্রী শ্রী সিন্ধিয়া সিইও-দের উদ্ভাবনে অংশীদার হিসেবে এগিয়ে আসার আহ্বান জানান।

পরে নেশন বিল্ডার্স সামিটে ভাষণ দেন কেন্দ্রীয় মন্ত্রী শ্রী জ্যোতিরাদিত্য সিন্ধিয়া। তিনি বর্ণনা করেন কীভাবে ভারত গত এক দশকে ঐতিহাসিক রূপান্তরের মধ্য দিয়ে যাচ্ছে। পরিষেবা নেতৃত্বাধীন অর্থনীতি থেকে ডিজিটাল ইনোভেশন, উন্নত উৎপাদন এবং গ্লোবাল পাওয়ার হাউস হয়ে উঠেছে। কেন্দ্রীয় মন্ত্রী বলেন, যে দেশকে এক সময় ভাবা হত পরিষেবাদানকারী দেশ হিসেবে, আজ তারা সেমিকন্ডাক্টর চিপ তৈরি করছে। এরজন্য প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর দর্শনকেই কৃতিত্ব দেন তিনি, যিনি গত ১১ বছরে ডিজিটাল ইন্ডিয়া, স্টার্টআপ ইন্ডিয়া এবং সেমিকন্ডাক্টর মিশনে জোর দিয়ে এই উত্থানের ভিত্তিপ্রস্তর স্থাপন করেছেন।

(৩ পাতার পর)

# পশ্চিমবঙ্গে গ্রামীণ স্বাস্থ্য পরিকাঠামো মজবুত করতে ১৫১ কোটি টাকারও বেশি অনুদান কেন্দ্রীয় সরকারের

সম্পূর্ণভাবে সজ্জিত করতে, যাতে গ্রামীণ এলাকায় নাগরিকরা সহজে এই সুবিধা পেতে পারেন। এই অর্থ ছাড়ের ফলে পঞ্চায়েত রাজ প্রতিষ্ঠানসমূহ যেখানে কার্যকর, সেসব গ্রামের মানুষের জন্য তৃণমূল-স্তরে ডায়াগনস্টিক অবকাঠামো আরও মজবুত হবে। XV অর্থ কমিশনের স্বাস্থ্য খাতের এই অনুদান অর্থ মন্ত্রক স্বাস্থ্য ও পরিবারকল্যাণ মন্ত্রকের সুপারিশের ভিত্তিতে প্রকাশ করে। রাজ্য সরকারগুলিকে নির্দেশ দেওয়া হয়েছে যে, এই তহবিল যেন ভারত সরকারের নির্ধারিত কারিগরি ও কার্যকর নির্দেশিকা অনুযায়ীই ব্যয় হয় এবং যেন জাতীয় স্বাস্থ্য মিশন (N H M ) বা প্রধানমন্ত্রী আত্মনির্ভর স্বাস্থ্য ভারত যোজনা (PM-ASBY)-র মতো অন্যান্য প্রকল্পের সঙ্গে কোনওরূপ পুনরাবৃত্তি না ঘটে।

## আপাতকালীন পরিষেবা তালিকাসূচী

**Emergency Contacts**
Ambulance - 102
Ambulance - 9735697689
Child Line – 112
Canning PS - 03218-255221
FIRE - 9064495235

**Contacts of Hospital, Nursing Home & Doctors**
Canning S.D Hospital - 03218-255352
Dipanjan Nursing Home - 03218-255691
Green View Nursing Home - 03218-255550
A.K.Moolal Nursing Home - 03218-315247
Binapani Nursing Home - 9732545652
Nazat Nursing Home, Taldi - 9143032199
Welcome Nursing Home - 9733593488
Dr. Bikash Sapui - 03218-255269
Dr. Biren Mondal - 03218-255247
Dr Arun Dulal Paul - 03218 - (Cham) 253219 (Re) 255548
Dr. Phani Bhusan Das - 03218 - 255364, (Cham) 255264
Dr. A.K. Bhartacherjee - 03218-255518
Dr. Lokenath Sa - 03218-255660

**Administrative Contacts**
SP Office - 033-24330010
SDO Office - 03218-255340
SDPO Office - 03218-285398
BDO Office - 03218-255205

**Contacts of Railway Stations & Banks**
Canning Railway Station - 03218-255275
SBI (Canning Town) - 03218-255216,255218
PNB (Canning Town) - 03218-255231
Mahila Co-operative Bank - 03218-255134
WB State Co-operative - 03218-255239
Bandhan Bank - Mob. No. 7596012991
Axix Bank - 03218-255352
Bank of Boroda, Canning - 03218-257888
ICICI Bank, Canning - 03218-255206
HDFC Bank, Canning Hos. More - 9088107808
Bank of India, Canning - 03218 - 245091

## রাত্রিকালীন ঔষধ পরিষেবার তালিকাসূচী (ক্যানিং)

প্রতি মাসের এই তারিখে এই সমস্ত দোকান খোলা থাকবে

| | | | | | |
|---|---|---|---|---|---|
| 01 সুন্দরবন ব্লু প্রিন্ট ফার্মেসি | 02 ভারত মেডিকেল হল | 03 সপ্না মেডিকেল হল | 04 ভারত মেডিক্যাল হল | 05 ঘোষ মেডিকেল | 06 ঔষধ ঘর |
| 07 আরোগ্য মেডিক্যাল | 08 মেডিকেয়ার ফার্মেসী | 09 সুন্দরবন ব্লু প্রিন্ট ফার্মেসি | 10 জীবন জ্যোতি ফার্মেসী | 11 সিনহা মেডিকেল হল | 12 গোকুল ফার্মেসী |
| 13 ঔষধ ঘর | 14 সৌভিক ফার্মেসি | 15 নির্মলা মেডিকেল হল | 16 মাতৃ ফার্মেসী | 17 ইউনিক ফার্মেসী | 18 সুন্দরবন ব্লু প্রিন্ট ফার্মেসি |
| 19 ঘোষ মেডিকেল | 20 সৌভিক ফার্মেসি | 21 আরোগ্য মেডিকেল | 22 মেডিকেয়ার ফার্মেসী | 23 শোভা মেডিকেল হল | 24 প্রমিলা মেডিকেল কর্নার |
| 25 সিনহা মেডিকেল হল | 26 ঘোষ মেডিকেল | 27 মাতৃ ফার্মেসী | 28 সৌভিক ফার্মেসি | 29 নির্মলা মেডিকেল হল | 30 মাতৃ ফার্মেসী |

ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক সংবাদপত্র
নির্ভীক
সারাদিন
বাংলার মানুষের সাথে, মানুষের পাশে
রেজিস্ট্রেশন অনুযায়ী
এবার থেকে
ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক সংবাদপত্র
রোজদিন
বাংলার মানুষের সাথে, মানুষের পাশে

পত্রিকা দপ্তর ও কুইনপ্রেসে চিঠিপত্র, লেখালেখি ও সংবাদ পাঠাতে হলে যোগাযোগ করুন নিচের দেওয়া ঠিকানা ও মোবাইল নম্বরে
কুইন প্রেস ও পত্রিকা দপ্তর

Editor
Mrityunjoy Sardar
C/o, Lalu sarda
Village:Hedia
P.O.:Uttar Moukhali
P.S. : Jibantala
District :South 24 Parganas
Pin:743329(W.B)
Mobile : 9564382031

# পাক সেনার ওপর হামলার পর ব্যাপক অভিযান, নিহত অন্তত ৩০ সন্ত্রাসী

স্টাফ রিপোর্টার, রোজদিন

পাকিস্তানের উত্তর-পশ্চিমাঞ্চলীয় প্রদেশ খাইবার পাখতুনখোয়ার ওরাকজাই জেলায় তিন দিন আগে সেনাবাহিনীর ওপর সন্ত্রাসী হামলা হয়েছিল। তারপর থেকেই চলছে সেনা, পুলিশ যৌথ বাহিনীর একের পর এক অভিযান। বৃহস্পতিবার অর্থাৎ ৯ অক্টোবর রাতে পাকিস্তানের সেনাবাহিনীর আন্তদফতর সংযোগ বিভাগ আইএসপিআর এক বিবৃতি মারফত জানিয়েছে গোপন সূত্রে খবর পেয়ে অভিযান চালানো হয়েছিল।সন্ত্রাসীরা আগে থেকেই ওই এলাকায় লুকিয়ে ছিল। এরপর কিছু সময়ের মধ্যেই সড়কে পুঁতে রাখা একটি বোমা বিস্ফোরণ ঘটে। তার ফলে দুটি কনভয় উড়ে যায়। দুই আধিকারিক মারা যান। যদিও




লেফটেন্যান্ট কর্নেল জুনায়েদ তারিখ, মেজর তায়াব রাহাত এবং সেনারা আলাদা গাড়িতে ছিলেন। এদিকে ৯ অক্টোবর ওরাকজাইয়ের পাশাপাশি খাইবার পাখতুনখোয়ার অপর জেলা ডেরা ইসমাইল খানেও সেনাবাহিনী অভিযান চালিয়ে আট জন সন্ত্রাসীকে হত্যা করে।তাতে কমপক্ষে ৩০ জন সন্ত্রাসী নিহত হয়েছে। আইএসপিআর স্পষ্ট দাবি করেছে যে পাকিস্তান থেকে সন্ত্রাসবাদের শিকড় উপড়ে ফেলতে তারা বদ্ধপরিকর।

গত ৮ অক্টোবর বুধবার ওরাকজাই এবং পার্শ্ববর্তী জেলা কুররমের সংযোগ সড়কে নিষিদ্ধ রাজনৈতিক গোষ্ঠী তহেরিক- ই- তালিবান পাকিস্তান সেনাবাহিনীর একটি কনভয়কে লক্ষ্য করে হামলা চালায়। গুলি ও বোমা হামলার ফলে ২ সেনা আধিকারিক এবং ৯ জন সেনা কর্মী নিহত হন। আইএসপিআর নিহত দুই সেনা কর্মীর নাম পরিচয় প্রকাশ করেছে। তারা হলেন লেফটেন্যান্ট কর্নেল জুনায়েদ তারিখ এবং মেজর তায়াব রাহাত।

জানা গিয়েছে , ৭ ও ৮ তারিখে ওরাকজাইয়ে অভিযান চালিয়ে সেনাবাহিনী ১৯ জন সন্ত্রাসীকে হত্যা করেছিল। ৮ অক্টোবর সকালে লেফটেন্যান্ট কর্নেল জুনায়েদ তারিখ এবং মেজর তায়াব রাহাতের নেতৃত্বে সেনাবাহিনী ওরাকজাই থেকে ফিরছিল। ওরাকজাই ও কুররম সংযোগ সড়কে কনভয় ওঠার কিছুক্ষণের মধ্যেই টিটিপি সন্ত্রাসীরা ব্যাপক গুলিবর্ষণ শুরু করে।

# ইরানের সাথে আর কোনো সংঘাত চায় না ইসরায়েল




স্টাফ রিপোর্টার, রোজদিন

ইরানের সাথে আর কোনো সংঘাত চায়ছে না ইসরায়েল এবং উত্তেজনা কমাতে আগ্রহী দেশটি। রাশিয়ার প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন বলেছেন, ইসরায়েলি নেতারা তার কাছে অনুরোধ করেছেন, তিনি যেন ইরানকে পৌঁছে দেন এই বার্তা।

গত ১৩ জুন দখলদার ইসরায়েলের বিনা উস্কানিতে হামলার পর ইরান ও ইসরায়েলের মধ্যে উত্তেজনা তুঙ্গে ওঠে, যা ১২ দিনের যুদ্ধের জন্ম দেয়। দখলদার শাসকরা ইরানের শীর্ষ কমান্ডার এবং পরমাণু বিজ্ঞানীদের হত্যা করে এবং সারা দেশে শত শত বেসামরিক নাগরিককে হত্যা করে। আন্তর্জাতিক আইন লঙ্ঘন করে মার্কিন যুক্তরাষ্ট্রও তিনটি ইরানি পারমাণবিক কেন্দ্রে বোমা হামলা করে হস্তক্ষেপ করে।

১২ দিনের যুদ্ধ ২৪ জুন বন্ধ হয়। ইসরায়েলি এবং মার্কিন অবস্থান লক্ষ্য করে ইরানের পাল্টা হামলা ইসরায়েলকে আগ্রাসন বন্ধ করতে এবং একতরফা যুদ্ধবিরতিতে যেতে বাধ্য করে।

বৃহস্পতিবার দুশানবেতে সেন্ট্রাল এশিয়া-রাশিয়া শীর্ষ সম্মেলনে ভাষণ দেওয়ার সময় পুতিন বলেন, ইসরায়েলি কর্তৃপক্ষ তাকে ইরানের কাছে একটি বার্তা পৌঁছে দিতে অনুরোধ করেছে।

তিনি বলেন, "আমরা ইসরায়েলের সঙ্গে আস্থার ভিত্তিতে যোগাযোগ রাখি এবং ইসরায়েলি নেতৃত্বের কাছ থেকে বার্তা পাই যে, তারা আমাদের ইরানি বন্ধুদের কাছে এই কথা পৌঁছে দিতে অনুরোধ করছেন, ইসরায়েল এই সমস্যাটি আরও সমাধান করার ইচ্ছা রাখে ও বদ্ধপরিকর এবং কোনো ধরনের সংঘাতের প্রতি আগ্রহী নয়।"

পুতিন আরও বলেন, ইরানের শান্তিপূর্ণ পারমাণবিক কর্মসূচি নিয়ে উদ্বেগ দূর করার একমাত্র কার্যকর উপায় হলো কূটনীতি।

তিনি বলেন, "কেবল কূটনীতি ও আলোচনার মাধ্যমেই ইরানের পারমাণবিক কর্মসূচি নিয়ে পরিস্থিতির সমাধান করা সম্ভব। এর কোনো যুক্তিসঙ্গত বিকল্প নেই।"

রাশিয়ার প্রেসিডেন্ট আরও বলেন, "আমরা আমাদের ইরানি অংশীদারদের সঙ্গে ঘনিষ্ঠ যোগাযোগ বজায় রাখি এবং পারস্পরিক গ্রহণযোগ্য সমাধান খোঁজা এবং আইএইএ-এর সঙ্গে গঠনমূলক সহযোগিতা নবায়ন করার জন্য তাদের সংকল্প অনুভব করি।"

পুতিন বলেন, মস্কো সম্প্রতি আইএইএ-এর মহাপরিচালক রাফায়েল গ্রোসিকে আতিথেয়তা দিয়েছে এবং বিষয়টি নিয়ে বিস্তারিত আলোচনা করেছে। তিনি আরও বলেন, গ্রোসিও সব সমস্যা সমাধানের জন্য ইরানি পক্ষের আকাঙ্ক্ষার কথা উল্লেখ করেছেন।

তিনি বলেন, "এখনও প্রযুক্তিগত প্রশ্ন রয়েছে, তবে একবার অর্জিত চুক্তিগুলি বাস্তবায়িত হলে, এই অত্যন্ত জটিল আঞ্চলিক সমস্যার চূড়ান্ত নিষ্পত্তির দিকে এগিয়ে যাবে।"

ইরান বলছে, তার পারমাণবিক কর্মসূচি নিয়ে সর্বশেষ উত্তেজনা বৃদ্ধির কারণ হলো মার্কিন যুক্তরাষ্ট্র এবং তার ইউরোপীয় মিত্রদের ভঙ্গ করা প্রতিশ্রুতি এবং বেআইনি কার্যকলাপের সরাসরি ফল।

# সিনেমার খবর

## বক্স অফিসে জমজমাট দুই জলির লড়াই

স্টাফ রিপোর্টার, রোজদিন

বলিউডের জনপ্রিয় কোর্টরুম কমেডি-ড্রামা সিরিজ 'জলি এলএলবি'-র তৃতীয় কিস্তি দর্শকপ্রিয়তায় ঝড় তুলেছে। প্রথম কিস্তিতে ছিলেন আরশাদ ওয়ার্সি, দ্বিতীয় কিস্তিতে অক্ষয় কুমার—আর এবার 'জলি এলএলবি ৩'-এ দুই তারকাই মুখোমুখি।



মুক্তির প্রথম দিন বক্স অফিসে কিছুটা ধীরগতির সূচনা করলেও দিন বাড়ার সঙ্গে সঙ্গে বাড়ছে আয়। সর্বশেষ হিসাব অনুযায়ী, রবিবার (২১ সেপ্টেম্বর) মুক্তির তৃতীয় দিনে ছবিটি আয় করেছে ২১ কোটি টাকা। শনিবার আয় ছিল ২০ কোটির সামান্য বেশি, আর উদ্বোধনী দিনে ছিল ১২.৫ কোটি টাকা। তিন দিনে ছবিটির মোট আয় দাঁড়িয়েছে ৫৩.৫০ কোটি টাকা। রবিবার হিন্দি ভাষার দর্শক উপস্থিতির হার ছিল ৪০.৩৬ শতাংশ।

এবারের কিস্তিতে দুই জলি আদালতে মুখোমুখি লড়াইয়ে নামেন। কৌশল, ফাঁকফোকর ও আইনের ব্যাখ্যা দিয়ে নিজেদের শ্রেষ্ঠ প্রমাণে মরিয়া দু'জন। কিন্তু একটি বিশেষ কেস তাদের জীবনে নতুন মোড় এনে দেয়—কে জিতবে, কে থাকবে সত্যের পক্ষে, সেই উত্তেজনাই টানছে দর্শকদের।

'জলি এলএলবি ৩'-এর পরিচালক শুভাষ কাপুর। অভিনয়ে রয়েছেন আরশাদ ওয়ার্সি, অক্ষয় কুমার, হুমা কুরেশি, সৌরভ শুক্লা, অমৃতা রাও, সীমা বিশ্বাস, রাম কাপুর, গজরাজ রাও, শিল্পা শুক্লা, বৃজেন্দ্র কালা প্রমুখ। ছবিটি মুক্তি পেয়েছে ১৯ সেপ্টেম্বর।

## 'বৌদি' শব্দের বিকৃত ব্যবহার নিয়ে আক্ষেপ স্বস্তিকার



স্টাফ রিপোর্টার, রোজদিন

টালিউডে আবারও আলোচনায় অভিনেত্রী স্বস্তিকা মুখার্জি। তিনি এবার হাজির হচ্ছেন একেবারেই ভিন্ন আঙ্গিকে, নতুন ছবি 'প্রোমোটার বৌদি'-তে। নবাগত পরিচালক শৌর্য দেবের পরিচালনায় নির্মিত এ ছবিতে স্বস্তিকার চরিত্রে উঠে আসবে এক নিম্ন-মধ্যবিত্ত পরিবারের নারীর গল্প, যাকে পাড়ার সবাই ডাকে 'বৌদি'।

ছবির কাহিনি অনুযায়ী, দুই সন্তান ও স্বামী নিয়ে জীবনের টানাপোড়েনে লড়াই করা এই নারী হঠাৎই হয়ে ওঠেন প্রোমোটার। আর এভাবেই শুরু হয় তাঁর জীবনের নতুন অধ্যায়।

তবে 'বৌদি' শব্দের বর্তমান বিকৃত ব্যবহারে আক্ষেপ প্রকাশ করেছেন অভিনেত্রী। তাঁর ভাষায়, 'আগে বৌদি শব্দটি পারিবারিক অর্থে ছিল আপন; অথচ সামাজিক মাধ্যমে এটিকে এখন অশ্লীল ইঙ্গিত দিয়ে ব্যবহার করা হয়।'

প্রযোজক-পরিচালকরা জানিয়েছেন, ছবিতে থাকবে নব্বইয়ের দশকের বাণিজ্যিক সিনেমার ছাপ—নাচ, গান, সংলাপ আর পারিবারিক টানাপোড়েন। ২০২৬ সালের ২৭ ফেব্রুয়ারি মুক্তি দেওয়ার পরিকল্পনা রয়েছে ছবিটি।

## জুয়ার অ্যাপ বিতর্কে প্রথমবার মুখ খুললেন মিমি

স্টাফ রিপোর্টার, রোজদিন

সম্প্রতি বেআইনি অনলাইন বেটিং অ্যাপ ঘিরে তদন্তে নাম জড়ানোর পর আলোচনার কেন্দ্রবিন্দুতে চলে এসেছিলেন জনপ্রিয় অভিনেত্রী ও সাংসদ মিমি চক্রবর্তী। এবার তিনি নিজেই মুখ খুললেন বিষয়টি নিয়ে এবং জানালেন স্পষ্ট বার্তা।

ইডির (ED) তলবের পর গত ১৬ সেপ্টেম্বর দিল্লিতে হাজিরা দেন মিমি। তদন্ত সংস্থা জানায়, একটি অনলাইন বেটিং অ্যাপের মাধ্যমে অর্থ পাচারের সন্দেহে তদন্ত চলছে। সেই অ্যাপের প্রচার বা আর্থিক লেনদেনে সম্ভাব্য যোগসূত্রের কারণেই মিমি, উর্বশী রাওতেলা, সুরেশ রায়না ও শিখর ধাওয়ানসহ একাধিক তারকাকে ডাকা হয়েছে।

এতদিন চুপ থাকলেও এবার মিমি



সরাসরি সোশ্যাল মিডিয়ায় একটি বিবৃতি দিয়ে নিজের অবস্থান পরিষ্কার করেন। তিনি লেখেন, 'আমি কোনওভাবে এমন কোনও ব্র্যান্ডের সঙ্গে যুক্ত নই যারা বেটিং বা জুয়ার মতো কার্যকলাপকে প্রচার করে। যদি আমার নাম বা ছবি এই ধরনের প্রচারে ব্যবহার করা হয়, তা সম্পূর্ণ অনুমতিহীন। আমি সবাইকে অনুরোধ করব এমন অবৈধ অ্যাপ থেকে দূরে থাকুন এবং অন্যদেরও সচেতন করুন।'

তিনি আরও বলেন, ভারত সরকার ইতোমধ্যে 'রিয়েল মানি গেমিং অ্যাপ' নিষিদ্ধ করেছে। এই অ্যাপগুলোতে অংশগ্রহণের মাধ্যমে তথ্যচুরি, সাইবার হামলা ও প্রতারণার শিকার হওয়ার ঝুঁকি রয়েছে।

অভিনেতা অঙ্কুশ হাজরাও একই বিতর্কে জড়ালেও এখনো পর্যন্ত তিনি প্রকাশ্যে কিছু বলেননি। তবে এই আইনি জটিলতা মিমি-অঙ্কুশ অভিনীত আসন্ন ছবি 'রক্তবীজ ২'-এর প্রচারে কোনো প্রভাব ফেলেনি।

নন্দিতা রায় ও শিবপ্রসাদ মুখোপাধ্যায়ের পরিচালনায় ছবিটি ২৬ সেপ্টেম্বর মুক্তি পেতে চলেছে। যেখানে খলনায়কের চরিত্রে দেখা যাবে অঙ্কুশকে এবং মিমিও রয়েছেন গুরুত্বপূর্ণ চরিত্রে।

# দেম্বেলের হাতেই উঠছে ব্যালন ডি'অর?

**স্টাফ রিপোর্টার, রোজদিন**




বার্সেলোনার তরুণ তুর্কি লামিন ইয়ামালকে টপকে এ বছরের ব্যালন ডি'অর হাতে নেবার অপেক্ষায় আছেন পিএসজি ফরোয়ার্ড ওসমানে দেম্বেলে। এদিকে, টানা তৃতীয়বারের মতো নারীদের বিভাগে সেরার পুরস্কার জয় করতে পারেন এইতানা বোনমাতি।

সোমবার রাতে প্যারিসের থিয়েটার ডু শার্লেটে বর্ণাঢ্য আয়োজনের মাধ্যমে এ বছরের ফুটবলের সবচেয়ে মর্যাদাকর পুরস্কার ব্যালন ডি'অর বিজয়ীর নাম ঘোষণা করা হবে।

লিওনেল মেসি ও ক্রিস্টিয়ানো রোনালদোর দীর্ঘদিনের আধিপত্য খর্ব করে এই পুরস্কারের দাবিদার হয়ে উঠেছেন এখন বিশ্ব ফুটবলের নতুন তারকারা।

মেসি-রোনালদো মিলে ২০০৮-২০২৩ সাল পর্যন্ত ১৩ বারের পুরস্কার নিজেদের মধ্যে ভাগাভাগি করে নিয়েছেন।

গত বছর সেই ধারা ভঙ্গ করে স্পেনকে ইউরো ২০২৪ জয়ে সামনে থেকে নেতৃত্ব দেয়া ম্যানচেস্টার সিটির মিডফিল্ডার রদ্রি ব্যালন ডি'অর জয় করেছিলেন। এ বছর অবশ্য ইনজুরির কারণে রদ্রি বিজয়ীর দৌড় থেকে ছিটকে গেছেন। সেই সুযোগে ২৮ বছর বয়সী দেম্বেলে হট ফেবারিট প্রার্থী হয়ে উঠেছেন। বিশেষ করে পিএসজি প্রথমবারের মতো চ্যাম্পিয়ন্স লিগ শিরোপা জয় করার পর দেম্বেলের নাম আরো গুরুত্বের সাথে সামনে চলে এসেছে।

ইন্টার মিলানকে ফাইনালে ৫-০ গোলে বিধ্বস্ত করে চ্যাম্পিয়ন্স লিগের শিরোপা জয় করা পিএসজির নয়জন রয়েছেন ৩০ জনের সংক্ষিপ্ত তালিকায়। দেম্বেলে ছাড়াও এই তালিকায় আছেন ডিসায়ার ডুয়ে, আশরাফ হাকিমি, কাভিচা কাভারাটসখেলিয়া, নুনো মেনডেস, হুয়াও নেভেস, ফাবিয়ান রুইজ ও ভিটিনহা। ম্যানচেস্টার সিটিতে পাড়ি জমানো গোলরক্ষক গিয়ানলুইগি ডোনারুম্মাও এই তালিকায় জায়গা করে নিয়েছেন।

কিন্তু সবাইকে ছাপিয়ে ৩৫ গোল করে দুর্দান্ত মৌসুম কাটানো দেম্বেলের নামই ঘুড়েফিরে আসছে। কিলিয়াম এমবাপ্পে পিএসজি ছেড়ে রিয়াল মাদ্রিদে পাড়ি জমানোর পর দেম্বেলের উপরই দলের আক্রমণ ভাগ সামলানোর দায়িত্ব পড়ে। তার নৈপুণ্যে ঘরোয়া লিগের শিরোপা ছাড়াও পিএসজি ক্লাব বিশ্বকাপের ফাইনালও খেলেছে।

ফ্রান্সের দক্ষিণাঞ্চলে প্রচণ্ড ঝড়ের কারণে মার্সেইর বিপক্ষে পিএসজির লিগ ওয়ানের ম্যাচটি রবিবার ২৪ ঘণ্টার জন্য পিছিয়ে যাওয়া পিএসজির মনোনীত খেলোয়াড়দের মধ্যে বেশীরভাগই অনুষ্ঠানে অংশ নিতে পারবেন না। অবশ্য ইনজুরির কারণে দল থেকে ছিটকে যাওয়ায় দেম্বেলে আজ রাতে উপস্থিত থাকবেন।

বার্সেলোনার উইঙ্গার ইয়ামাল মাত্র ১৮ বছর বয়সেই নিজের প্রতিভার জানান দিয়েছেন। ইতোমধ্যেই মেসির উত্তরসূরী হিসেবে বার্সেলোনায় তাকে বিবেচনা করা হচ্ছে।

গত বছর ব্যালন ডি'অর অনুষ্ঠানে তিনি অনূর্ধ্ব-২১ ক্যাটাগরিতে সেরার পুরস্কার কোপা ট্রফি জয় করেছিলেন। ওই বছর স্পেন ইউরোপীয়ান চ্যাম্পিয়নশীপের শিরোপা জয় করে, যার পিছনে ইয়ামালের অনবদ্য অবদান ছিল। গত মৌসুমে সব ধরনের প্রতিযোগিতায় বার্সেলোনার হয়ে ৫৫ ম্যাচে করেছেন ১৮ গোল। বার্সেলোনা লা লিগা ও স্প্যানিশ কোপা ডেল রে শিরোপা জয় করে।

নারীদের বিভাগে এবারও ২৭ বছর বয়সী বার্সেলোনা ও স্পেনের তারকা বোনমাতি হয়ে উঠেছেন অপ্রতিরোধ্য। জুলাইয়ে নারী ইউরোতে তিনি সেরা খেলোয়াড় মনোনীত হয়েছিলেন। পেনাল্টিতে যদিও স্পেন ইংল্যান্ডের কাছে হেরে গিয়েছিল। বোনমাতির বার্সেলোনা মে মাসে চ্যাম্পিয়ন্স লিগের ফাইনালেও আর্সেনালের কাছে পরাজিত হয়েছিল।

## চোটের কারণে ছিটকে গেলেন বার্সেলোনার মিডফিল্ডার



**স্টাফ রিপোর্টার, রোজদিন**

বার্সেলোনার জন্য আরও এক দুঃসংবাদ। তরুণ মিডফিল্ডার ফের্মিন লোপেস তিন সপ্তাহের জন্য মাঠের বাইরে ছিটকে গেছেন। বাঁ পায়ের পেশির চোটের কারণে তিনি আপাতত দলের বাইরে থাকছেন বলে নিশ্চিত করেছে ক্লাবটি।

সামাজিক যোগাযোগমাধ্যম এক্স (সাবেক টুইটার)-এ দেওয়া বিবৃতিতে বার্সেলোনা জানিয়েছে, ২২ বছর বয়সী স্প্যানিশ মিডফিল্ডারের স্ক্যান রিপোর্টে চোটের বিষয়টি ধরা পড়েছে। ধারণা করা হচ্ছে, প্রায় তিন সপ্তাহ তাকে মাঠের বাইরে থাকতে হতে পারে।

চলতি মৌসুমে দুর্দান্ত ফর্মে ছিলেন লোপেস। লা লিগায় ভালেন্সিয়ার বিপক্ষে ৬-০ ব্যবধানে জয়ে করেছিলেন জোড়া গোল। গত রবিবার গেতাফের বিপক্ষে ৩-০ গোলের জয়ে দ্বিতীয়ার্ধে বদলি হিসেবে মাঠে নামলেও শেষ পর্যন্ত চোট পেয়ে মাঠ ছাড়তে হয় তাকে।

বার্সেলোনার কোচ হান্সি ফ্লিক ম্যাচ শেষে জানান, "তিন পয়েন্ট, ৩-০ জয় সবকিছু ঠিকঠাক। কিন্তু ফের্মিনের ইনজুরির কারণে আমার ভালো লাগছে না। আগামীকাল পরীক্ষা হবে, তখন বিস্তারিত জানা যাবে।"

এ নিয়ে মৌসুমের শুরু থেকেই ইনজুরির হানায় ভুগছে স্প্যানিশ চ্যাম্পিয়নরা। ফের্মিন লোপেস ছাড়াও আগে থেকেই মাঠের বাইরে আছেন মার্ক-আন্দ্রে টের স্টেগেন, লামিনে ইয়ামাল, গাভি এবং আলেহান্দ্রো বালদে।

বার্সেলোনা তাদের পরবর্তী ম্যাচ খেলবে বৃহস্পতিবার, রিয়াল ওভিয়েদোর বিপক্ষে।

## উইন্ডিজ সিরিজে অনিশ্চিত পান্ত

**স্টাফ রিপোর্টার, রোজদিন**



অক্টোবরে ওয়েস্ট ইন্ডিজের বিপক্ষে দুই ম্যাচের টেস্ট সিরিজ খেলবে ভারত। তবে, চোট থেকে পুরোপুরি সেরে না ওঠায় এই সিরিজে অনিশ্চিত হয়ে পড়েছেন ভারতের উইকেটরক্ষক-ব্যাটার ঋষভ পান্ত।

গত ইংল্যান্ড সিরিজের চতুর্থ টেস্টে বাঁ পায়ে চোট পান তিনি। পরে সেই পায়ে চিড় ধরা পড়ে। যদিও প্রথম ইনিংসে খুঁড়িয়ে ব্যাট করেছিলেন। ওভালে শেষ টেস্টে তার বদলি হিসেবে নারায়ণ জগদীশানকে দলে নেয় ভারত। বর্তমানে বেঙ্গালুরুর বিসিসিআই এক্সেলেন্স সেন্টারে পুনর্বাসন প্রক্রিয়া চালিয়ে যাচ্ছেন পান্ত।

জানা গেছে, তিনি সেখানে ফিটনেস অনুশীলন করছেন এবং ব্যাটিং-কিপিংয়ে ফেরার আগে বিসিসিআই মেডিকেল টিমের আপডেটের অপেক্ষায় আছেন। তবে পান্ত কবে আবার মাঠে ফিরতে পারবেন, সেই বিষয়ে এখনও কোনো চূড়ান্ত সিদ্ধান্ত জানা যায়নি।

পান্তের অনুপস্থিতিতে ওয়েস্ট ইন্ডিজ সিরিজে ভারতের উইকেটরক্ষক হিসেবে ধ্রুব জুরেলের সুযোগ পাওয়ার জোর সম্ভাবনা রয়েছে। সর্বশেষ ইংল্যান্ড সিরিজে দুই টেস্টে ভারতের উইকেটরক্ষকের দায়িত্ব পালন করেছিলেন তিনি। বিকল্প হিসেবে ভাবনায় থাকতে পারেন জগদীশান। এর বাইরে ভারতের টেস্ট দলের আশেপাশে রয়েছেন নীতিশ কুমার রেড্ডি ও দেবদূত পাড়িকাল।

পাড়িকাল লক্ষ্ণৌতে অস্ট্রেলিয়া 'এ' দলের বিপক্ষে প্রথম চার দিনের ম্যাচে করেছিলেন ১৫০ রান। এর আগে তিনি দুটি টেস্ট খেলেছেন। গত বছর পার্থে অস্ট্রেলিয়ার বিপক্ষে টেস্টে তিন নম্বরে ব্যাট করে করেছিলেন শূন্য ও ২৫ রান। আর রেড্ডি সেই সিরিজের দলে ছিলেন, ইংল্যান্ডের বিপক্ষেও খেলেছেন এবং এখন পর্যন্ত মোট সাতটি টেস্ট খেলেছেন এই অলরাউন্ডার।

● স্বত্বাধিকারী, প্রকাশক এবং মুদ্রক : মৃত্যুঞ্জয় সরদার কর্তৃক প্রকাশিত এবং ১৬বি, নবীন কুন্ডু লেন, কলেজ রো, কলেজ স্ট্রীট, কলকাতা-৭০০০০৯ এবং ১৯ডি, জামির লেন, কলকাতা-৭০০০১৯ থেকে ডিজিটাল মুদ্রিত ● সম্পাদক : মৃত্যুঞ্জয় সরদার, ফোন : ৯৫৬৪৩৮২০৩১

● Printed, Published and Owned by MRITYUNJOY SARDAR ● Printed by Queen Press - Hedia, P.O . : Uttar Moukhali, P.S. : Jibantala, Dist. : South 24 Parganas, Pin : 743329 and Published at 16 B, Nabin Kundu Lane, College Row, College Street, Kolkata -700009 & 19D, Jamir Lane, Kolkata -700 019 ● Phone : 9564382031 Email : durodristhi@gmail.com Editor : MRITYUNJOY SARDAR